

কৃষি ও স্বাস্থ্য বার্তা

উপকূলীয় সমষ্টিত প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচি প্রকল্পের মাসিক বুলেটিন

১০ তম বর্ষ,

৬৫ তম সংখ্যা

in survival strategies
of coastal poor

জুলাই, ২০২৩ COAST Foundation

উপকূলীয় সমষ্টিত প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচি (সাইটেপ) ২০০৩ সাল থেকে কৃদ্রুঢ়ণ কার্যক্রমের সাথে উপকারভোগীদের Poultry and Livestock খাতে কারিগরি সহায়তা প্রদান করে আসছে। কৃদ্রুঢ়ণ গ্রহীতারা সাধারণত কৃষি কাজ ও গবাদি পশু-পাখি পালনের সাথে সম্পৃক্ত। উপকারভোগীরা খণ্ডের বড় একটি অংশ (৭০%) বিনয়োগ করেন কৃষি ও গবাদি পশু-পাখি পালন খাতে। ফসলের উৎপাদন বৃদ্ধি এবং গবাদি পশু-পাখি রক্ষা এবং জাত উন্নয়নের জন্য কোস্ট ফাউন্ডেশন মাঠ পর্যায়ে উপকারভোগীদের গবাদি পশু-পাখি বিষয়ক প্রশিক্ষণ প্রদান, উপকরণ সহায়তা, টিকা কার্যক্রম, কৃমনাশক সেবন ও চিকিৎসা সেবা প্রদান করে আসছে।

তুলনামূলক ছেট গরুর ভাল দাম পেয়েছেন খামারীয়া

প্রাণী সম্পদ অধিদপ্তরের সূত্রমতে এ বছর পৰিব্রত ফুল আজহায় সারাদেশে মোট এক কোটি ৪১ হাজার ৮১২টি গবাদিপশু কোরবানী হয়েছে যা গত বছরের তুলনায় ৯১ হাজার ৪৯টি



চট্টগ্রামের ফুলতলা শাখার সদস্য খুরশিদাৰ কাল রংয়ের গরুটি বিক্রি করেন

বেশী। তুলনামূলক বড় গরুর চেয়ে ছেট গরুর ক্ষেত্রেও দাম ছিল বেশী। চট্টগ্রামের সাতকানিয়া উপজেলার ফুলতলা শাখার সদস্য খুরশিদা জানান, কোরবানীর জন্য ৩ মাস পূর্বে এক লক্ষ টাকায় দুইটি গরু ক্রয় করেন, খাবার বাবদ আরও খরচ হয়েছে ২০ হাজার টাকা গরু দুটি তিনি এক লক্ষ ৫৬ হাজার টাকায় বিক্রি করেছেন, লাভ হয়েছে ৩৬ হাজার টাকা।

কোরবানীর গরুতে আশানুরূপ লাভ পেয়েছে জান্নাত।

আট মাসে লাভ হয়েছে ৬ লক্ষ ৩০ হাজার টাকা। ফুলতলা শাখার কোস্ট ফাউন্ডেশনের সদস্য জান্নাত বেগম আট মাস পূর্বে ২৩ লক্ষ ৫০ হাজার টাকায় ১০টি গরু ক্রয় করেন। খাবার বাবদ আরও খরচ হয়েছে ২ লক্ষ ৮০ হাজার টাকা, মোট খরচ ২৬ লক্ষ ৩০ হাজার টাকা। গরু দশটি বিক্রি করেছেন ৩২ লক্ষ ৩০ হাজার টাকা। জান্নাত জানান, তিনি প্রায় দশ বছর যাবৎ গরু পালন করছেন। অংশ জাতীয় খাদ্যের পাশাপাশি দানাদার খাদ্য খাওয়াতেন গরুকে। এই বছর কোটের টেকনিক্যাল কমীর পরামর্শক্রমে ইউএমএস পদ্ধতিতে গরু পালন করেছেন ফলে আশানুরূপ লাভ হয়েছে। প্রাণী সম্পদ অধিদপ্তরের তথ্যমতে

চট্টগ্রাম বিভাগে এ বছর ২০ লাখ ৫১ হাজার পশু কোরবানী হয়েছে।



চট্টগ্রামের ফুলতলা শাখার সদস্য রায়হান জান্নাতের গরুর খামার

প্রাথমিক স্বাস্থ্য সেবা কার্যক্রম

বাংলাদেশে স্বাস্থ্য সেবায় সরকারি খাতের পাশাপাশি বেসরকারী খাত, বিভিন্ন এনজিও ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান কাজ করেছে। স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবায় গ্রাম ও শহর উভয় ক্ষেত্রে এনজিও সমূহের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। কোস্ট ফাউন্ডেশন তোলা ও কক্ষবাজারের চর ও দ্বীপ



চুতুবায়া মুড়ালিয়া গ্রামে ময়না সমিতিতে স্বাস্থ্য বিষয়ক আলোচনা করেন অমর চাকমা, ছবি তুলেছেন - রফিক।

সমুহে প্যারামেডিক কর্মী দ্বারা এ কার্যক্রম পরিচালনা করে।

জুন'২৩ মাসে ৪০টি উঠান বৈঠকের মাধ্যমে ৪৭৩ জন

সদস্যদের স্বাস্থ্য বিষয়ক পরামর্শ ও শরীর চেক আপ করেন।

প্রকল্পের সহকর্মীবৃন্দের পাঠানো তথ্য ও ছবির ভিত্তিতে প্রস্তুতকৃত।

সার্বিক যোগাযোগের ফোন: ০১৭১৩৩৬৭৪১৬, ইমেইল mizan@coastbd.net